৮৩

দৈনিক সংবাদ

তারিখ 10 JUN 1998
পৃষ্ঠা ৭ কলাম ৭

# বুয়েটে ক্লাস শুরু রোববার থেকে

(বুয়েট সংবাদদাতা)

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ইকবাল মাহমুদ গুরুত্বপূর্ণ নীতি নির্ধারণী ভূমিকা পালন করবেন না এবং স্থাপত্য বিভাগের পদত্যাগী ১৩ জন শিক্ষকের সিদ্ধান্তের জন্য সিন্ডিকেটের কোন মিটিংও ডাকবেন না। এর কারণ হিসেবে তিনি জানিয়েছেন, সরকারের পক্ষ থেকে তাকে দায়িত্ব পালনের কোন নির্দেশ দেয়া হয়নি।

প্রফেসর ইকবাল মাহমুদ বলেছেন, গত ৪ঠা মে পদত্যাগপত্র পেশ করার পরও এ বিষয়ে সরকারি কোন সিদ্ধান্ত তাকে জানানো হয়নি। যেহেতু বুয়েটে নতুন কোন উপাচার্য নিয়োগ করা হয়নি তাই সংকটকালে দায়িত্ব পালনে তিনি এ পদে অবস্থান করছেন। গতকাল মঙ্গলবার উপাচার্যের সাথে আলোচনাকালে তিনি সংবাদকে একথা বলেন।

বুয়েটের উপাচার্যের এই টানাপোড়েনের মধ্যেই আগামী রোববার থেকে সকল লেভেলের ক্লাস শুরু হচ্ছে। গতকাল মঙ্গলবার উপাচার্যসহ ৫টি অনুষদের ডীনদের এক বৈঠকে এ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এবং সেই সাথে ছাত্রছাত্রীদের জন্য নতুন একাডেমিক ক্যালেন্ডার তৈরি করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থার সংকট নিরসন হলেও স্থাপত্য বিভাগের ১৩ জন শিক্ষকের বিষয়টা এখনও ঝুলে আছে। সিন্ডিকেটের সিদ্ধান্ত অনুসারে পদত্যাগের প্রত্যাহারপত্র ১৩ জন শিক্ষক জমা দিয়েছেন। এ ব্যাপারে সিদ্ধান্ত নেয়ার এখতিয়ার সিন্ডিকেটের। সিন্ডিকেটের সভা এখন ডাকতেও পারেন উপাচার্য নিজেই।